



(একই তারিখ ও স্মারকে প্রতিষ্ঠাপিত)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

যুব ও ক্রীড়া মন্ত্রণালয়

এপিএ শাখা

বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

[www.moysports.gov.bd](http://www.moysports.gov.bd)

জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২৪-২৫ এর অন্তর্ভুক্ত নেতৃত্বকারী কমিটির ২য় সভার কার্যবিবরণী:

সভাপতি	মোঃ রেজাউল মাকছুদ জাহেদী সচিব
সভার তারিখ	২৩ অক্টোবর, ২০২৪ খ্রি.
সভার সময়	সকাল ১০.০০ ঘটকায়
স্থান	সভাকক্ষ ও ভার্চুয়াল প্লাটফর্ম
উপস্থিতি	সভায় অংশগ্রহণকারী কর্মকর্তাদের তালিকা-পরিশিষ্ট-ক

যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২৪-২৫ এর অন্তর্ভুক্ত নেতৃত্বকারী কমিটি'র ২য় সভায় অংশগ্রহণকৃত এ মন্ত্রণালয় এবং দণ্ডনির্ণয় বিভাগ/সংস্থাসমূহের কর্মকর্তাদের স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন। অতঃপর সভাপতি শুদ্ধাচার বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তাকে সভার কার্যপত্র অনুযায়ী তথ্যাদি সভায় উপস্থাপনের জন্য অনুরোধ জানান।

০২। শুদ্ধাচার বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা ১৫ সেপ্টেম্বর ২০২৪ খ্রি. তারিখে অনুষ্ঠিত যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের নেতৃত্বকারী কমিটির সভার সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি উপস্থাপন করেন যা নিম্নরূপ-

ক্র: নং	বৈঠকের আলোচ্যসূচি	বাস্তবায়ন অগ্রগতি	বাস্তবায়ন অগ্রগতির হার
(ক)	'জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২৪-২৫' এর অন্তর্ভুক্ত নেতৃত্বকারী কমিটির ১ম সভার কার্যবিবরণী মন্ত্রণালয়ের ওয়েবসাইটে (শুদ্ধাচার সেবাবক্ষে) আপলোড নিশ্চিত করা হয়েছে;	'জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২৪-২৫' এর অন্তর্ভুক্ত নেতৃত্বকারী কমিটির ১ম সভার কার্যবিবরণী মন্ত্রণালয়ের ওয়েবসাইটে (শুদ্ধাচার সেবাবক্ষে) আপলোড নিশ্চিত করা হয়েছে।	১০০%
(খ)	মন্ত্রণালয়ের অধীনস্থ দণ্ডনির্ণয় বিভাগের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও কোয়ার্টারের পরিবীক্ষণ সংক্রান্ত ১ম প্রতিবেদন নির্ধারিত সময়ের মধ্যে এ মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে;	মন্ত্রণালয়ের অধীনস্থ দণ্ডনির্ণয় বিভাগের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও পরিবীক্ষণ সংক্রান্ত ১ম কোয়ার্টারের প্রতিবেদন নির্ধারিত সময়ের মধ্যে এ মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।	১০০%
(গ)	যুব উন্নয়ন অধিদপ্তরের ০১টি উপজেলায় ঋণদান কার্যক্রম পরিদর্শন করতে হবে;	যুব উন্নয়ন অধিদপ্তরের ০১টি উপজেলায় ঋণদান কার্যক্রম ১০.১০.২০২৪ খ্রি. তারিখে সরেজমিনে পরিদর্শন করা হয়েছে।	১০০%

(ঘ)	ক্রীড়া পরিদণ্ডের ০১টি জেলায় ক্রীড়া প্রশিক্ষণ/ক্রীড়া কার্যক্রম পরিদর্শন করতে হবে।	০৩.১০.২০২৪ খ্রি. তারিখে চট্টগ্রাম জেলার ক্রীড়া ১০০% প্রশিক্ষণ/ক্রীড়া কার্যক্রম সরেজমিনে পরিদর্শন করা হয়েছে।
-----	--	--

০৩। সভাপতি ১৫ সেপ্টেম্বর ২০২৪ খ্রি. তারিখে অনুষ্ঠিত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার অন্তর্ভুক্ত নেতৃত্বক্তা কমিটি'র সভার সিদ্ধান্তসমূহ শতভাগ (১০০%) বাস্তবায়িত হওয়ায় সন্তোষ প্রকাশ করেন। শুদ্ধাচার বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা ২০২৪-২৫ অর্থবছরের শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের ১ম কোয়ার্টারের (জুলাই-সেপ্টেম্বর/২০২৪) লক্ষ্যমাত্রা এবং অগ্রগতির তথ্যাদি সভায় উপস্থাপন করেন:

কার্যক্রম	১ম কোয়ার্টারের লক্ষ্যমাত্রা	বাস্তবায়ন অগ্রগতি
[১.১] নেতৃত্বক্তা কমিটির সভা আয়োজন	০১ টি	০১ টি
[১.২] নেতৃত্বক্তা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন	১০০%(১৫.০৯.২০২৪ খ্রি. তারিখের সভায় ০৪ টি সিদ্ধান্ত ছিল)	১০০%(১৫.০৯.২০২৪ খ্রি. তারিখের সভায় ০৪ টি সিদ্ধান্ত বাস্তবায়ন হয়েছে)
[১.৩] সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে সভা আয়োজন	০১ টি	১৮.০৯.২০২৪ খ্রি. তারিখে অনুষ্ঠিত হয়েছে।
[১.৪] শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ/মতবিনিময় সভা আয়োজন	৫৪ জন	৫৫ জন
[২.১] ২০২৪-২৫ অর্থ বছরের রাজস্ব এবং উন্নয়ন বাজেটের অনুমোদিত ক্রয়-পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশ।	ক্রয় পরিকল্পনা ওয়েবসাইটে ৩১.০৭.২০২৪ তারিখের মধ্যে প্রকাশ করতে হবে।	ক্রয় পরিকল্পনা ওয়েবসাইটে ২৪.০৭.২০২৪ তারিখে প্রকাশ করা হয়েছে।
[২.২] অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার যথাযথ বাস্তবায়ন (রাজস্ব এবং উন্নয়ন বাজেটের)	১০%	৫.৩৪%
[২.৩] বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়ন	৫%	১.৪৪%
[২.৪] প্রকল্পের PSC ও PIC সভা আয়োজন	PSC-১৬টি	১৬টি
[২.৫] প্রকল্প সমাপ্তি শেষে প্রকল্পের সম্পদ (যানবাহন, কম্পিউটার, আসবাবপত্র ইত্যাদি) বিধি মোতাবেক হস্তান্তর করা	-	৩য় কোয়ার্টারে অর্জনের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে।

০৪। শুদ্ধাচার বিষয়ক বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা এ মন্ত্রণালয়ের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২৪-২৫ এ (অক্টোবর/২০২৪-ডিসেম্বর/২০২৪) গৃহীত কার্যক্রম সভায় উপস্থাপন করেন এবং এ মন্ত্রণালয়ের সচিব ও নেতৃত্বক্তা কমিটির সভাপতি উক্ত কার্যক্রমসমূহ যথাসময়ে বাস্তবায়নের জন্য নির্দেশনা প্রদান করেন। যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২৪-২৫ এর অন্তর্ভুক্ত নেতৃত্বক্তা কমিটি'র প্রতিটি কোয়ার্টারের সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের ক্ষেত্রে 'নেতৃত্বক্তা কমিটির সভার সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি' সংক্রান্ত সভা আহানপূর্বক গৃহীত কার্যবিবরণী প্রস্তুত করার বিষয়েও তিনি নির্দেশনা প্রদান করেন।

০৫। শুদ্ধাচার বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা দপ্তর/সংস্থাকে নিজ নিজ দপ্তরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও পরিবীক্ষণ সংক্রান্ত ২য় কোয়ার্টারের প্রতিবেদন নির্ধারিত সময়ের মধ্যে এ মন্ত্রণালয়ে প্রেরণের অনুরোধ জানান এবং দপ্তর/সংস্থা কর্তৃক দাখিলকৃত প্রতিবেদনের উপর মন্ত্রণালয় কর্তৃক ৩১/১০/২০২৪ তারিখের মধ্যে ফিল্ডব্যাক প্রদান করতে হবে মর্মে সভাকে অবহিত করেন।

০৬। সভায় বিস্তারিত আলোচনান্তে সর্বসমতিক্রমে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয় :

ক) 'জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২৪-২৫' এর অন্তর্ভুক্ত নেতৃত্বক্তা কমিটির ১ম সভার কার্যবিবরণী মন্ত্রণালয়ের ওয়েবসাইটে (শুদ্ধাচার সেবাবৰ্ত্ত্বে) আপলোড নিশ্চিত করতে হবে;

খ) মন্ত্রণালয়ের অধীনস্থ দপ্তর/সংস্থা নিজ নিজ দপ্তরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও পরিবীক্ষণ সংক্রান্ত ২য় কোয়ার্টারের প্রতিবেদন নির্ধারিত সময়ের মধ্যে এ মন্ত্রণালয়ে প্রেরণ করবে;

- গ) যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের আওতাধীন সকল দণ্ডর/সংস্থা এবং জেলা/উপজেলা অফিসসমূহের বাজেট, প্রশিক্ষণ, খণ্ডান কার্যক্রম, কর্মকর্তা/কর্মচারীদের সততা, উৎকৃষ্ট আচরণ এবং দুর্বীতি বিষয়ে পরিদর্শন/আকস্মিক পরিদর্শনের লক্ষ্যে মন্ত্রণালয়ের কর্মকর্তাদের সমন্বয়ে ৮ বিভাগে ৮টি পৃথক পৃথক টিম গঠন করতে হবে;
- ঘ) চট্টগ্রাম জেলার যুব উন্নয়ন অধিদপ্তরের ০১টি উপজেলায় খণ্ডান কার্যক্রম পরিদর্শন করতে হবে।

০৭। সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

R.Mukherjee

২৪-১০-২০২৪  
মোঃ রেজাউল মাকছুদ জাহেদী  
সচিব

৮ কার্তিক ১৪৩১ বঙ্গাব্দ  
তারিখ: ২৪ অক্টোবর ২০২৪ খ্রিস্টাব্দ

নম্বর: ৩৪.০০.০০০০.০৫২.০৫.০০২.২৪.৭৮

#### বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মহাপরিচালক (গ্রেড-১), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা;
- ২। অতিরিক্ত সচিব (সকল), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা;
- ৩। সচিব, জাতীয় ক্রীড়া পরিষদ, ঢাকা;
- ৪। মহাপরিচালক, বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান, সাভার, ঢাকা;
- ৫। মহাপরিচালক, জাতীয় যুব উন্নয়ন ইনসিটিউট, সাভার, ঢাকা;
- ৬। যুগ্মসচিব (সকল), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা;
- ৭। যুগ্মসচিব (সংযুক্ত), প্রশাসনিক সংস্কার অধিশাখা, মন্ত্রিপরিষদ বিভাগ, ঢাকা;
- ৮। পরিচালক, ক্রীড়া পরিদপ্তর, ঢাকা;
- ৯। উপসচিব (সকল), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা;
- ১০। সচিব, বঙ্গবন্ধু ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশন, ঢাকা;
- ১১। মাননীয় উপদেষ্টার একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা;
- ১২। সিনিয়র সহকারী সচিব (সকল), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা;
- ১৩। সহকারী সচিব (সকল), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা;
- ১৪। সচিবের একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা এবং
- ১৫। প্রোগ্রামার, আইসিটি শাখা, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা(পত্রটি ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।



২৪-১০-২০২৪  
মোঃ ফজলে এলাহী  
উপসচিব